অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটের সংবিধানে সমান অধিকার প্রতিষ্ঠা করার জন্য রেজোল্যুশন পাশ হওয়ায় গভর্নর হোকলের উদযাপন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের সংবিধানে সমান অধিকার প্রতিষ্ঠা করার জন্য একটি রেজোল্যুশন পাশ হওয়া উদযাপন করেন, যা নিউ ইয়র্ক স্টেটে গর্ভপাত সেবা অ্যাক্সেস করার অধিকার দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করবে। প্রণীত হওয়ার পরে এই সংশোধনী বর্তমানে জাতি, বর্ণ, ধর্ম বা ধর্মমতের ভিত্তিতে বৈষম্য কভারকারী বিদ্যমান সুরক্ষার সঙ্গে যৌন অভিমুখীতা, লিঙ্গ পরিচয়, লিঙ্গ অভিব্যক্তি, গর্ভাবস্থা, গর্ভাবস্থার ফলাফল, ও প্রজনন স্বাস্থ্যসেবা ও স্বনির্ভরতা সহ জাতিসত্ত্বা, জাতিগত উৎস, বয়স, অক্ষমতা ও লিঙ্গ সংক্রান্ত বিষয়সমূহ যোগ করবে। গর্ভপাত সেবা গ্রহণের ক্ষেত্রে ফেডারেল সুরক্ষা প্রত্যাহার করে নেওয়ার সুপ্রিম কোর্টের সাম্প্রতিক সিদ্ধান্তের আলোকে, আইনসভার বিশেষ অধিবেশনের এজেন্ডায় এই রেজোল্যুশন যোগ করা হবে বলে আজ কিছু সময় আগে গভর্নরের ঘোষণাপত্র জারি করার পরে এটি ঘটেছে।

"মাত্র এক সপ্তাহের মধ্যেই আমেরিকানরা ইতোমধ্যে রোয়ে ভি. ওয়েড-এর সমাপ্তি ঘটার বিধ্বংসী পরিণতি দেখতে ও অনুভব করতে শুরু করেছে। প্রজনন সংক্রান্ত অধিকার ছিনিয়ে নেওয়ার জন্য সুপ্রিম কোর্টের ভয়ঙ্কর সিদ্ধান্তের আলোকে, নিউ ইয়র্ক স্টেট আমাদের স্টেট সংবিধানে গর্ভপাতের অধিকার বিধিবদ্ধ করার লক্ষ্যে একটি নজিরবিহীন পদক্ষেপ গ্রহণ করছে," **বলেছেন গভর্নর হোকল।** "গর্ভপাত সেবা গ্রহণকারী রোগীদের ও সেবা প্রদানকারীদের জন্য আমাদের দেশের-নেতৃস্থানীয় সুরক্ষাগুলোর সঙ্গে এই অতি গুরুত্বপূর্ণ সুরক্ষা সামনে এগিয়ে নেওয়ার জন্য সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার হিয়েস্টির প্রতি আমি কৃতজ্ঞ। বিস্তৃত মেরুকরণের এই মুহূর্তে, নিউ ইয়র্ক আমাদের সংবিধানে এটি প্রতিষ্ঠিত করার জন্য কাজ করছে যে আপনি যাকেই ভালোবাসুন, যেখান থেকে এসে থাকুন, অথবা যেভাবেই নিজের পরিচয় দেওয়া বেছে নেন না কেন, আপনাকে এখানে স্বাগত জানানো হবে এবং আমরা আপনাকে সুরক্ষিত রাখবো।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "রোয়ে ভি. ওয়েড বাতিল হওয়া এটি স্পষ্ট করে দিয়েছে যে নিউ ইয়র্ক স্টেটকে অবশ্যই মহিলাদের ও ব্যক্তির অধিকার সুরক্ষিত রাখতে উঠে দাঁড়াতে হবে এবং জাতীয় নেতৃত্বের ভূমিকা পালন করতে হবে। আর একারণে আমরা স্বতস্ফূর্তভাবে আইনের আওতায় অধিকতর বিস্তৃত সমান অধিকার বিধিবদ্ধ করছি এবং নিউ ইয়র্কে গর্ভপাত ও গর্ভনিরোধের সাংবিধানিক অধিকার নিশ্চিত করছি। অন্যরা যখন পিছিয়ে যাচ্ছে এমন এক সময়ে এটি আমাদের স্টেটের জন্য

সামনে এগিয়ে যাওয়ার পথে একটি বৃহৎ পদক্ষেপ, এবং আমাদের অধিকারের উপর সুপ্রিম কোর্টের আক্রমণের বিরুদ্ধে একটি গুরুত্বপূর্ণ অবস্থান। আমাদের সংবিধানে এই ঐতিহাসিক পরিবর্তনগুলো এগিয়ে নেওয়ার জন্য আমাদের আইনসভাকে নিয়ে আমি অত্যন্ত গর্বিত এবং এই কাজটি সম্পন্ন করার ক্ষেত্রে তাদের অংশীদারিত্বের জন্য স্পিকার হিয়েস্টি ও গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিয়েস্টি বলেন, "সুপ্রিম কোর্ট মহিলাদের ব্যর্থ করে দিয়েছে, এবং এটি আমেরিকানদের অধিকার সুরক্ষিত রাখতে ব্যর্থ হয়েছে। কিন্তু নিউ ইয়র্ক ব্যর্থ হবে না। তিন বছর আগে, আমরা রোয়ে ভি. ওয়েড এর সুরক্ষাকে আইন হিসেবে বিধিবদ্ধ করেছিলাম, এবং আজ আমরা আমাদের স্টেটের সংবিধানে মহিলাদের প্রজনন স্বাস্থ্যসেবার সুরক্ষা এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য সমান অধিকার প্রতিষ্ঠা করার প্রক্রিয়া শুরু করেছি। অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশ এবং গভর্নর ও সিনেটে আমাদের অংশীদাররা নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে তাদের অধিকার ছিনিয়ে নিতে দিবে না। আমরা নিউ ইয়র্ককে সামনে এগিয়ে নেওয়ার জন্য লড়াই চালিয়ে যাবো, পিছনের দিকে নিয়ে যাওয়ার জন্য নয়।"

সিনেটর লিজ ক্রুয়েগার বলেন, "মৌলিক অধিকারের অগ্রগতি পিছিয়ে দেওয়ার জন্য সুপ্রিম কোর্টের প্রচেষ্টার বিরুদ্ধে নিউ ইয়র্কবাসীরা অব্যাহতভাবে লড়াই চালিয়ে যাবে। আমাদের সংবিধানে এসব অধিকার প্রতিষ্ঠা করার মাধ্যমে গর্ভপাত ও অন্যান্য প্রজনন সেবার জন্য সবচেয়ে শক্তিশালী সুরক্ষা নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণের জন্য গভর্নর এবং আমার আইনপ্রণেতা সহকর্মীদের সঙ্গে যোগ দিতে পেরে আমি গর্বিত। এছাড়াও, আমাদের সংবিধানের সমান অধিকারের প্রবিধানের আওতাধীন গ্রুপগুলোর সংখ্যা সম্প্রসারণ করাটা নিউ ইয়র্ককে দেশের যেকোনো স্টেটের মধ্যে সবচেয়ে বিস্তৃত সাংবিধানিক বৈষম্য-বিরোধী সুরক্ষা প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য রেবেকা সিরাইট বলেন, "নিউ ইয়র্কের সংবিধানে সমতা প্রতিষ্ঠার সংশোধনীর সূচনা করার মধ্য দিয়ে এই ঐতিহাসিক লড়াই শুরু করার সময়ে আমরা অতীতের বহু প্রজন্মের মহিলাদের ভোটাধিকারের পক্ষে আন্দোলনকারী ও নাগরিক অধিকার বিষয়ক নেতৃবৃন্দের অবদানের উপর দাঁড়িয়ে আছি। গভর্নর হোকল, স্পিকার হিয়েস্টি, অ্যাসেম্বলি ও সিনেটের সহকর্মীদের এবং অসংখ্য অ্যাডভোকেটদের দীর্ঘস্থায়ী সহায়তার মধ্য দিয়ে আমরা আমাদের স্টেটের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিচালনাকারী ডকুমেন্টে একজন মহিলার নিজের সিদ্ধান্ত নেওয়ার অধিকার এবং বৈষম্যের বিরুদ্ধে সমতার সুরক্ষা প্রতিষ্ঠা করার ক্ষেত্রে আগের যেকোনো সময়ের চেয়ে কাছাকাছি পৌঁছে গেছি। নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বের উজ্জ্বল দীপ্তি যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের নিয়ে আসা অন্ধকারাচ্ছন্ন দিনগুলোকে আলোকিত করে তুলবে।"

প্রথম বারের মতো এই স্মরণীয় বিষয়টি পাশ হওয়ার পরে, চূড়ান্ত পর্যায়ে অনুমোদনের জন্য ভোটারদের সামনে যাওয়ার আগে রেজোল্যুশনটি আইনসভার পরবর্তী অধিবেশনে পুনরায় পাশ হওয়ার প্রয়োজন হবে।

এই পদক্ষেপ গর্ভপাত সেবার অ্যাক্সেস সুরক্ষিত রাখার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের নেতৃস্থানীয় ভূমিকার সঙ্গে যোগ হচ্ছে। ধারণক্ষমতা বৃদ্ধি করা এবং নিউ ইয়র্কে গর্ভপাত সেবা প্রত্যাশী

রোগীদের জন্য অ্যাক্সেস নিশ্চিত করার জন্য স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) তত্ত্বাবধানে পরিচালিত দেশের নেতৃস্থানীয় 25 মিলিয়ন ডলারের গর্ভপাত সেবা প্রদানকারী সহায়তা তহবিল (Abortion Provider Support Fund) এবং এই অতি গুরুত্বপূর্ণ সেবা সরবরাহকারী সেবা প্রদানকারীদের নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এর মাধ্যমে নিরাপত্তা অনুদানগুলো অ্যাক্সেস করতে প্রজনন স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর জন্য 10 মিলিয়ন ডলার এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্কে রোগীদের ও সেবা প্রদানকারীদের গর্ভপাতের অধিকার আরো বেশি সংরক্ষিত, সুরক্ষিত ও শক্তিশালী করতে গভর্নর হোকল ছয়টি বিলের একটি সমন্বিত প্যাকেজ স্বাক্ষর করেছেন। বিধিমালাটি অনেক ধরনের আইনি উদ্বেগের সমাধান করতে বিশেষ পদক্ষেপ গ্রহণ করে, যেমন সংরক্ষিত অধিকারের ব্যাপারে অবৈধ হস্তক্ষেপের জন্য একটি কার্যের কারণ স্থাপন করা এবং গোপনীয়তা সংক্রান্ত সমাধান কর্মসূচিতে (Address Confidentiality Program) গর্ভপাত প্রদানকারী ও রোগীদের অন্তর্ভুক্ত করা। এছাড়াও নতুন বিলগুলি যেইসব স্টেটে এই সেবা অবৈধ সেখানকার রোগীদের প্রজননসংক্রান্ত সেবা প্রদান করার ক্ষেত্রে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ নিষিদ্ধ করে এবং বৈধ সেবা প্রদান করে এমন গর্ভপাত প্রদানকারীদের বিরুদ্ধে বিরূপ পদক্ষেপ নেওয়া থেকে ম্যালপ্র্যাকটিস বীমা কোম্পানিগুলিকে প্রতিহত করে।

সেইসাথে, সুপ্রিম কোর্টের রোয়ে ভি. ওয়েড বাতিল করার সিদ্ধান্ত ঘোষণার পর তাৎক্ষণিকভাবে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে গর্ভপাত সবসময় নিরাপদ, আইনসম্মতম ও অ্যাক্সেসযোগ্য থাকবে সে বিষয়টি নিউ ইয়র্কবাসীদের এবং সব আমেরিকানদের নিশ্চিত করার জন্য একটি শক্তিশালী, একাধিক প্ল্যাটফর্ম ভিত্তিক, পেইড পাবলিক শিক্ষা ক্যাম্পেইন চালু করেছেন। এই স্টেটব্যাপী ক্যাম্পেইনের মধ্যে একাধিক প্ল্যাটফর্মে বিজ্ঞাপনী প্রচেষ্টা এবং একটি নতুন ওয়েবসাইট অন্তর্ভুক্ত রয়েছে, যা নিউ ইয়র্কে গর্ভপাতের অধিকার, সেবা প্রদানকারী, সহায়তা ও পেমেন্ট অপশনগুলো সম্পর্কে তথ্য পাওয়ার জন্য একটি একক গন্তব্যস্থল প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418